

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়			
গণপূর্ত ই/এস এম আই এম বিএন-২, ঢাকা।			
স্মারক নং	তারিখ	প্রকৌশলী :	
২০০৫	২৫/৩/২০	[স্বাক্ষর]	
অ.স.	সং.প্র.	উ.বি.জ.	নি.শ.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রধান প্রকৌশলীর কার্যালয়
 গণপূর্ত অধিদপ্তর
 হিসাব শাখা-১
 পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
 www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২০১.২০.০৮২.১৮.২৫৮

তারিখ: ২৮ চৈত্র ১৪২৯

১১ এপ্রিল ২০২০

বিষয়: ২০২২-২০২৩ আর্থিক সালে "জাতীয় জীন ব্যাংক স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক উন্নয়ন প্রকল্পের নির্মাণ কাজের ব্যয় নির্বাহের জন্য চেকের মাধ্যমে অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত কাজের জন্য প্রকল্প পরিচালক, জাতীয় জীন ব্যাংক স্থাপন (১ম সংশোধিত) প্রকল্প, এনআইবি, গণকবাড়ী, সাভার, ঢাকার স্মারক নং-১২/৩৭ তারিখঃ-৩০/০৩/২০২০ খ্রিঃ এর দ্বারা প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট চেকের মাধ্যমে ন্যস্তকৃত ২০,০০,০০,০০০/- (বিশ কোটি) টাকার চেকটি যার নম্বর ওবিএল-বিসিডি ৮২৪০৫৭৪ তারিখঃ-৩০/০৩/২০২০ খ্রিঃ, ওয়ান ব্যাংক লিমিটেড, ডিইপিজেড শাখা গণকবাড়ী, সাভার, ঢাকা হতে উত্তোলন করার জন্য প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা কর্তৃক পৃষ্ঠাংকন পূর্বক নিম্নবর্ণিত হারে প্রেরণ করা হল।

ক্র/নং	কাজের নাম	অর্থনৈতিক কোড	টাকার পরিমাণ
০১	কাজ-১: ল্যাব কাম অফিস এবং জীনব্যাংক ভবন।	৪১১১২০১	৮,০০,০০,০০০/-
০২	কাজ-২: ব্যাচেলার, কাপল এবং ভিআইপি ডরমেটরী বিল্ডিং, অফিসার্স কোয়ার্টার (১০ তলা ১৫০০ বর্গফুট), অফিসার্স কোয়ার্টার (১৪ তলা ১১২০ বর্গফুট)।	৪১১১১০১	৮,০০,০০,০০০/-
০৩	কাজ-৫: স্টাফ কোয়ার্টার (২০ তলা ৬৮০ বর্গফুট)।	৪১১১১০১	৩,০০,০০,০০০/-
০৪	কাজ-৬: সীমানা প্রাচীর, সাব-স্টেশন বিল্ডিং, গার্ড সেড, অভ্যন্তরীণ রাস্তা, কম্পাউন্ট ও ডেন/ সারফেস।	৪১১১১০১	১,০০,০০,০০০/-
	মোট-		২০,০০,০০,০০০/-

উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/পালন পূর্বক নিম্নোক্ত শর্ত অনুসরণ করে খরচ করতে হবে। চেক প্রাপ্তির স্বীকৃতি, পত্র প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে এ দপ্তরে দাখিল করতে হবে।

শর্তসমূহ

- প্রত্যাশি সংস্থার সহিত যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন মোতাবেক কাজ সম্পাদন করতে হবে।
- কাজ যথাযথভাবে সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।
- বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- বরাদ্দকৃত অর্থ ব্যয়ের হিসাব এ দপ্তরে/প্রত্যাশি সংস্থার নিকট প্রেরণ করতে হবে।

সংযুক্তি : চেক নম্বর ওবিএল- ৮২৪০৫৭৪ তারিখঃ-৩০/০৩/২০২০ খ্রিঃ।

টাকার পরিমাণঃ ২০,০০,০০,০০০/-টাকা।